

## মুয়াত্তা মালিক

হাদিস নম্বরঃ ১৪২৪

৩৬. বিচার সম্পর্কিত অধ্যায় (كتاب الأفضية)

পরিচ্ছেদঃ ৬. দাবির মীমাংসা

### بَابُ الْقَضَاءِ فِي الدَّعْوَى

আরবী

قَالَ يَحْيَى قَالَ مَالِك عَنْ جَمِيلِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ الْمُؤَدِّنِ أَنَّهُ كَانَ يَحْضُرُ عُمَرَ بْنَ عَبْدِ  
الْعَزِيزِ وَهُوَ يَقْضِي بَيْنَ النَّاسِ فَإِذَا جَاءَهُ الرَّجُلُ يَدَّعِي عَلَى الرَّجُلِ حَقًّا نَظَرَ فَإِنْ كَانَتْ  
بَيْنَهُمَا مُخَالَطَةٌ أَوْ مُلَابَسَةٌ أَحْلَفَ الَّذِي ادَّعَى عَلَيْهِ وَإِنْ لَمْ يَكُنْ شَيْءٌ مِنْ ذَلِكَ لَمْ يُحْلَفْهُ  
قَالَ مَالِكٌ وَعَلَى ذَلِكَ الْأَمْرُ عِنْدَنَا أَنَّهُ مَنْ ادَّعَى عَلَى رَجُلٍ بِدَعْوَى نَظَرَ فَإِنْ كَانَتْ بَيْنَهُمَا  
مُخَالَطَةٌ أَوْ مُلَابَسَةٌ أُحْلِفَ الْمُدَّعَى عَلَيْهِ فَإِنْ حَلَفَ بَطَلَ ذَلِكَ الْحَقُّ عَنْهُ وَإِنْ أَبَى أَنْ  
يُحْلَفَ وَرَدَّ الْيَمِينَ عَلَى الْمُدَّعِي فَحَلَفَ طَالِبُ الْحَقِّ أَخَذَ حَقَّهُ

বাংলা

রেওয়ায়ত ৮. জামিল ইবন আবদির রহমান (রহঃ) উমর ইবন আবদুল আযীয (রহঃ)-এর দরবারে হাযির হইয়া তাহার বিচার কার্য দেখিতেন। কোন লোক যদি কাহারো প্রতি কোন দাবি করিত তবে ইহার প্রতি খুব লক্ষ্য করিয়া দেখিতেন। অতঃপর যদি বলিতেন যে, তাহাদের মধ্যে (বাদী-বিবাদী) কাজে-কারবারে সমতা ও সামঞ্জস্য আছে, তবে বিবাদীকে কসম করাইতেন, না হয় কসম করাইতেন না।

মালিক (রহঃ) বলেন যে, আমাদের কাছেও এই প্রথা যে, যদি কেহ কাহারো প্রতি কিছু দাবি করে তবে দেখিতে হইবে যে, যদি বাদী ও বিবাদীর মধ্যে সম্পর্ক ভাল থাকে এবং তাহারা সমপর্যায়ের হয় তবে বিবাদীকে কসম করাইতে হইবে। যদি সে কসম করে তবে বাদীর দাবি বিবাদী হইতে ছুটিয়া যাইবে। আর যদি বিবাদী কসম করিতে অস্বীকার করে তবে এই কসম বাদীর দিকে ফিরিয়া আসিবে। সুতরাং সেই অবস্থায় কসম করিয়া তাহার দাবি প্রমাণিত করিয়া আদায় করিয়া লইবে।

## English

Yahya said, "Malik said about Jamil ibn Abd ar-Rahman al-Muadhhdin that he was present with Umar ibn Abd al-Aziz when he was judging between

people. If a man came to him with a claim against a man, he examined whether or not there were frequent transactions and dealings between them. If there were, the defendant could make an oath. If there was nothing of that nature he did not accept an oath from him."

Malik summed up, "What is done in our community is that if some one makes a claim against a man, it is examined. If there are frequent transactions and dealings between them, the defendant is made to take an oath. If he takes an oath, the claim against him is dropped. If the defendant refuses to take an oath, and returns the oath to the claimant, the one claiming his right takes an oath and takes his due."

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=74321>

📖 হাদিসবিডি'র প্রজেক্টে অনুদান দিন